

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৩৪১

তারিখ: ৭ কার্তিক ১৪২৫

২২ অক্টোবর ২০১৮

বিষয়: বিষয় খোলার অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল, যশোর, রাজশাহী ও দিনাজপুর এর সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কলেজসমূহে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	ইউনুস আলী ডিগ্রি কলেজ, আমতলী, বরগুনা	গার্হস্থ্য বিজ্ঞান
২.	বালিয়াডাঙ্গা খানপুর কলেজ, মনিরামপুর, যশোর	কৃষিশিক্ষা
৩.	মহিতার কলেজ, মহিতার, রাজশাহী	পরিসংখ্যান ও যুক্তিবিদ্যা
৪.	মেরীরহাট মডেল কলেজ, পলাশবাড়ী, গাইবান্ধা	ইতিহাস
৫.	টিপু সুলতান কলেজ, সদর, চাঁপাইনবাবগঞ্জ	পরিসংখ্যান, কৃষি শিক্ষা ও ভূগোল

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নিজের হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।



২২-১০-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম

উপসচিব (প্রতিকল্প)

ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল, যশোর,
রাজশাহী ও দিনাজপুর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৩৪১/১

তারিখ: ৭ কার্তিক ১৪২৫
২২ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অধ্যক্ষ,
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২২-১০-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (প্রতিকল্প)